



WBCLA

News Letter

পশ্চিমবঙ্গ কলেজ গ্রন্থাগারিক সমিতির ত্রৈমাসিক মুখপত্র

Vol. XIV-XV

April-2004— December, 2006

No. 2-4

সম্পাদকীয়

প্রায় দুই বছরের পর প্রকাশিত হলো। অনিচ্ছাকৃত দেরীতে হলেও উক্ত সংখ্যাটি প্রমাণ করে যে, সমিতির কর্মকাণ্ড থেমে থাকেনি। প্রতি বছর বার্ষিক সম্মেলনে সাধারণতঃ সংখ্যাটি সকল সদস্যের হাতে পৌঁছায়। অনিবার্য কারণে গত ২০০৫ এবং ২০০৬-এ বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়নি। তাই সব খবরা খবর সদস্যগণের অজানা থাকা স্বাভাবিক। এজন্য সদস্যগণের ক্ষমা প্রার্থনা ছাড়া উপায় নেই। সদস্যগণ বিভিন্নভাবে যোগাযোগের মাধ্যমে সমিতির খবরা খবর রেখেছেন। তাঁদের কৃতজ্ঞতা জানাই।

বর্তমান সংখ্যাটিতে বিগত দুইবছরের সমিতির তরফ থেকে পেশার স্বার্থে, সদস্যগণের স্বার্থে যে সমস্ত কাজ করা হয়েছে সেগুলির মধ্যে গুরুত্বপূর্ণ চিঠিপত্রাদি, সরকারী আদেশনামা সকলের জ্ঞাতার্থে প্রকাশ করা হলো। এছাড়াও সম্পাদকের বার্ষিক প্রতিবেদনে বিভিন্ন বিষয়ে আলোকপাত করা হয়েছে। এজন্য সকল স্তরের কলেজ গ্রন্থাগারিকবন্ধুদের সাহায্য ও সহযোগিতা একান্তভাবে কাম্য।